



স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০১.১৯.০০২.২৪

১১৬ (৪)

তারিখঃ ০৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৮ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখের আধা সরকারি পত্র নং-৫৮.০০.০০০০.০৩২.০৪.০১৭.২০২২-২২৪ মোতাবেক সংশ্লিষ্ট সকলকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরাসরি বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি ও ব্যবসা বাণিজ্যের প্রয়োজনে সেবা সহজীকরণের জন্য বাংলাদেশ সরকার নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মেগা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, বিনিয়োগ, ব্যবসা, ক্রীড়া, সংস্কৃতিসহ নানা উদ্দেশ্যে বাংলাদেশে আগমনকারী বিদেশী নাগরিকদের নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়ে থাকে। এছাড়া, বাংলাদেশে কর্মরত বৈদেশিক সাহায্যপুষ্টি বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠান, সকল মন্ত্রণালয় ও বিভাগ/ সংযুক্ত দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তরের গুরুত্বপূর্ণ পদে নিয়োগ ও পদায়নের লক্ষ্যে প্রাক পরিচিতি যাচাই (ভিআর) কার্যক্রম সম্পন্ন করা হয়ে থাকে।

বর্তমানে বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ/ সংযুক্ত দপ্তর/ অধিদপ্তর/ পরিদপ্তর হতে প্রাপ্ত অনুরোধের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পুলিশের বিশেষ শাখা এবং সংশ্লিষ্ট অন্য সংস্থার মাধ্যমে প্রয়োজনীয় তদন্ত সম্পন্ন করে ছাড়পত্র প্রদান করে থাকে। বিদেশী নাগরিক ও সরকারি চাকুরি প্রার্থীদের ছাড়পত্র প্রদান আরও দ্রুত ও সহজভাবে সম্পন্ন করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক Online Security Clearance System (scs.ssd.gov.bd) চালু করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী গত ২০.০৯.২০২২ তারিখে উক্ত অনলাইন সিস্টেমটি উদ্বোধন করেন। ইতোমধ্যে সকল মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার জন্য ইউনিক ইউজার আইডি ও পাসওয়ার্ড দেয়াসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য যে, ইতোমধ্যে সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও বিদ্যুৎ বিভাগ Online Security Clearance System এর মাধ্যমে প্রস্তাব প্রেরণ করা শুরু হচ্ছে।

সরকার ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং দাপ্তরিক কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ২৫ এপ্রিল, ২০২৪ হতে অনলাইন পদ্ধতিতে প্রেরিত প্রস্তাব বা অনুরোধ প্রক্রিয়াকরণ শুরু করা হবে। এই পদ্ধতিতে প্রাপ্ত নিরাপত্তা ছাড়পত্রের প্রস্তাব স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট তদন্ত সংস্থায় প্রেরণ করা হয়। তদন্ত সংস্থা একই প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রতিবেদন প্রেরণ করতে পারবে। ফলে, পূর্বের চেয়ে সহজভাবে ও দ্রুততম সময়ে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের প্রস্তাব নিষ্পত্তি করা সম্ভব হবে।

বর্ণিত প্রেক্ষাপটে, বিদেশী নাগরিকগণের নিরাপত্তা ছাড়পত্র এবং সরকারি চাকুরি প্রার্থীদের প্রাক-পরিচিতি যাচাইয়ের প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগের অনলাইন ক্লিয়ারেন্স সিস্টেমের মাধ্যমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২২/০৪/২৪
(সুক্তি রানী সরকার)

দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (সেকল), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। মহাপরিচালক (সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৩। মহাপরিচালক (গবেষণা ও পরিসংখ্যান), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৫। প্রথম সচিব (সেকল), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৬। আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৭। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ৯। দ্বিতীয় সচিব (সেকল), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০১.১৯.০০২.২৪

তারিখঃ ০৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। পিএ টু সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। পিএ টু প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(সুক্তি রানী সরকার)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)